

ঢাকা বিশ্ববিদ্যালয়
'ক' ইউনিটে ৭৬.৬৩ শতাংশ
শিক্ষার্থী অনুত্তীর্ণ
'চ' ইউনিটে অনুত্তীর্ণের হার ৯৭.২৫ শতাংশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিট এবং চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক সন্মান শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। এতে 'ক' ইউনিটে প্রায় ৭৬.৬৩ শতাংশ শিক্ষার্থী অনুত্তীর্ণ হয়েছে। এ ছাড়া 'চ' ইউনিটে প্রায় ৯৭.২৫ শতাংশ শিক্ষার্থী অনুত্তীর্ণ হয়েছে।

গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে ইউনিট দুটির ফলাফল ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

এ বছর 'ক' ইউনিটে মোট ৮৯ হাজার ৫০৮ জন ভর্তীসু আবেদন করে। এর মধ্যে ৮২ হাজার ৪৫৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। অংশগ্রহণকারীদের মধ্যে থেকে উত্তীর্ণ হয়েছে ১৯ হাজার ২৬৭ জন। অনুত্তীর্ণ হয়েছে ৬২ হাজার ৮৮২ জন, যা মোট আবেদনের প্রায় ৭৬.৬৩ শতাংশ। প্রসঙ্গত্রে উল্লেখিত নিয়ম অনুযায়ী বিষয় পূরণ না করা বা অতিরিক্ত বিষয়ের উত্তর দেওয়ায় ৩০৪টি উত্তরপত্র বাতিল করা হয়েছে। সেই হিসাবে মোট পাসের হার ২৩.৩৭ শতাংশ।

'ক' ইউনিটের উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ৫ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ২৯ অক্টোবর থেকে ৬ নভেম্বরের মধ্যে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ১৯ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

'চ' ইউনিট : 'চ' ইউনিটের ভর্তীসু মোট ১৩ হাজার ৪৭৮ ছাত্র-ছাত্রীর মধ্যে ১১ হাজার ৭২ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৩০৪ জন উত্তীর্ণ হয়েছে। সেই হিসাবে পাসের হার ২.৭৫ শতাংশ। 'চ' ইউনিটে মোট আসনসংখ্যা রয়েছে ১৩৫টি।

পরীক্ষার বিস্তারিত ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে। 'চ' ইউনিটের পাসকৃত সব ছাত্র-ছাত্রীকে ২৩ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত ওয়েবসাইটে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট কোটার ফরম ২৩ অক্টোবর থেকে ৩০ অক্টোবরের মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ১৯ অক্টোবর থেকে ২৬ অক্টোবর পর্যন্ত অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। আগামী ৮ নভেম্বর ওয়েবসাইটে প্রাপ্ত বিভাগ তালিকা প্রকাশ করা হবে।